

শর্তারোপের কারণে পবিত্রবিতেও ভর্তির সুযোগ পাচ্ছে না মাদ্রাসা শিক্ষার্থীরা

পবিত্রবি থেকে আহ্বান আসলে

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কয়েকটি বিভাগে মাদরাসার শিক্ষার্থীরা উচ্চশিক্ষা অর্জনের অধিকার বঞ্চিত হওয়ার পর এবার পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েও কয়েকটি অনুষদে উচ্চশিক্ষার অধিকার থেকে বঞ্চিত হচ্ছে। ফলে মাদরাসা শিক্ষাকে সরকার কর্তৃক দেয়া সম্মান, ক্রমশ ওধুমাত্র যোগ্যতার অর্থাৎ সীমাবদ্ধ হয়ে যাবে। জানা গেছে, দক্ষিণাঞ্চলের একমাত্র সর্বোচ্চ বিদ্যাপিঠ পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে সন্ততি প্রকাশিত ২০০৮-০৯ শিক্ষাবর্ষে আভ্যন্তরীণ পর্যায়ে ভর্তির বিজ্ঞপ্তিতে এমন কিছু শর্তারোপ করা হয়েছে যাতে বিশ্ববিদ্যালয়ের ৫টি বিষয়ের ক্ষেত্রে ওটিতেই মাদরাসা থেকে পাস করা শিক্ষার্থীরা ভর্তির সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। এ বছরের ভর্তি বিজ্ঞপ্তি হতে জানা যায়, বিশ্ববিদ্যালয়ের আভ্যন্তরীণ পর্যায়ে শিক্ষাদানের জন্য বিএসসি (এঞ্জি), বিবিএ, সিএসই, বিএসসি (ফিশারীজ) ও উটর অব ডেটেরিনারি মেডিসিন (ডিভিএম) শীর্ষক ৫টি বিভাগের মাঝে বিভিন্ন শর্তারোপের কারণে মাদরাসা থেকে পাস করে আসা শিক্ষার্থীরা সুযোগ পাচ্ছে ওধুমাত্র বিবিএ ও সিএসইতে। ভর্তি বিজ্ঞপ্তিতে শর্তারোপ করা হয়েছে যে, বিএসসি (এঞ্জি), বিএসসি (ফিশারীজ) ও উটর অব ডেটেরিনারি মেডিসিন (ডিভিএম) বিষয়ে ভর্তির জন্য এইচএসসি বা সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, গণিত এবং জীববিদ্যাসহ সকল বিষয়ের প্রতিটিতে ন্যূনতম জিপি ২.০ থাকতে হবে এবং উক্ত বিষয়গুলো থেকে ভর্তি পরীক্ষায়ও প্রশ্ন থাকবে। কিন্তু, বাংলাদেশ মাদরাসা শিক্ষাবোর্ডের অধীনে যে সকল শিক্ষার্থীরা আলিম (এইচএসসি এর সমমান) পরীক্ষায় অংশগ্রহণ করে তারা বোর্ডের নির্দিষ্ট অনুসারে বাধ্য হয়েই সময়ের ওই চারটি

বিষয় থেকে ৩টি পাঠ করতে হয়। ফলে, মাদরাসার শিক্ষার্থীরা গণিত এবং জীববিদ্যা বিষয় দুটির যে কোন একটি পাঠের সুযোগ পায়। ফলে, উক্ত শর্তের কারণে মাদরাসা শিক্ষার্থীদের জন্য পবিত্রবিতে উচ্চশিক্ষার সুযোগ হয়ে পড়ছে সীমিত। উল্লেখ্য, উটর অব ডেটেরিনারি মেডিসিন (ডিভিএম) প্রোগ্রামটি বঙ্গদেশ ডেটেরিনারি কলেজে (পবিত্রবির অধিভুক্ত কলেজ) পঠদান করা হয়। চলতি বছর থেকে এ কলেজটি পটুয়াখালী বিশ্ববিদ্যালয়ের অধীনে ভর্তি কার্যক্রম পরিচালনা শুরু করেছে। পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অধীনে আসার পূর্ব পর্যন্ত এ কলেজে ভর্তির ক্ষেত্রে উচ্চমাধ্যমিক গণিত থাকা আবশ্যিক ছিল না বলে জানা গেছে। তাছাড়াও অন্যান্য যেখানে ডিভিএম প্রোগ্রাম পাঠদান করা হয় যেমন চট্টগ্রাম ডেটেরিনারি বিশ্ববিদ্যালয়েও ডিভিএম প্রোগ্রামে ভর্তির জন্য উচ্চমাধ্যমিক গণিত বিষয় থাকা বাধ্যতামূলক নয়। কিন্তু পটুয়াখালী বিশ্ববিদ্যালয়ে এমনই একটি শর্তারোপের মাধ্যমে দেশের সকল মাদরাসার শিক্ষার্থীসহ ছুদ-কলেজ হতে পাস করে আসা অনেক শিক্ষার্থীরাও (যাদের জীববিদ্যা ও গণিত দুটির একটি নেই) উক্ত শিক্ষার্জন থেকে বঞ্চিত হবে। তবে এ বিষয়ে পবিত্রবির ভারপ্রাপ্ত জিপি ও ভর্তি কমিটির আহ্বায়ক প্রফেসর ড. মোঃ হাফিজুর রহমান বলেন, এটা একাডেমিক কাউন্সিলের সিদ্ধান্ত অনুসারেই করা হয়েছে। বর্তমানে আমদের করার কিছু নেই। শিক্ষার্থীদের স্বাক্ষরাদেশ প্রদান : ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি এবছর পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়েও ভর্তির ক্ষেত্রে মাদরাসা শিক্ষার্থীরা বঞ্চিত হওয়ার বিশ্ববিদ্যালয়ের সচেতন শিক্ষার্থীরা ভর্তির ক্ষেত্রে আরোপিত ওই সকল শর্তাবলী প্রত্যাহারের দাবীতে গত রোববার জিপি বরাবর স্বাক্ষরাদেশ প্রদান করেছে।